



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/26/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

রেন্ট রিলিফ প্রোগ্রামের জন্য গভর্নর কুওমো একটি উন্নত আবেদন প্রক্রিয়া ঘোষণা করেছেন

নতুন প্রক্রিয়ার মাধ্যমে ভাড়াটিয়া এবং বাড়ির মালিক উভয়ের ডকুমেন্টেশন এখন থেকে শিথিল করা হবে

অমিমাংসিত মামলাগুলির নিষ্পত্তির জন্য 1,000 এরও বেশি নিয়োজিত স্টাফ এবং 350 ভলান্টিয়ার সাহায্য করবেন

যোগ্য নিউ ইয়র্কারদের ফান্ডিং পাওয়ার সম্ভাব্য বাধা দূর করতে সাহায্য করতে নিউ ইয়র্কের রেন্ট রিলিফ প্রোগ্রামের জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি নতুন উন্নত আবেদন প্রক্রিয়া ঘোষণা করেছেন। নতুন প্রক্রিয়ায় এখন থেকেই ভাড়াটিয়া এবং বাড়ির মালিক উভয়ের ডকুমেন্টেশন শিথিল করা হবে এবং মাল্টি-টেনেন্ট ল্যান্ডলর্ডদের জন্য বাকি থাকা ডকুমেন্টেশন জমার একটি নতুন প্রক্রিয়া চালু করা হচ্ছে, যা আগামীকাল, 27 জুলাই থেকে কার্যকর হবে। এই নতুন প্রক্রিয়াগুলি চালু হওয়ার ফলে নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজাবিলিটি 7 আগস্টের মধ্যে জমা হওয়া 150,000 এরও বেশি দরখাস্ত থেকে যোগ্যগুলি বেছে নিতে পারবে।

এছাড়া রেন্ট রিলিফ প্রোগ্রামে স্টেটের সাথে কর্মরত চুক্তিবদ্ধ ভেভরকে এই কাজে সাহায্য করতে রয়েছে 1,000 এরও বেশি নিয়োজিত স্টাফ এবং অতিরিক্ত অ্যাকাউন্টিং বিশেষজ্ঞরাও যোগ দেবেন। 3 আগস্টের মধ্যে পেমেন্টের জন্য অমিমাংসিত 4,828টি পর্যালোচনা করা এবং ভেরিফায়েড দরখাস্তের নিষ্পত্তির জন্য আজ থেকে অন্যান্য এজেন্সির ন্যূনতম 350 জন স্টাফ ভলান্টিয়ারও নিয়োগ করবে NYS অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজাবিলিটি অ্যাসিস্ট্যান্স। 31 আগস্টের মধ্যে OTDA সমস্ত অমিমাংসিত, ভেরিফায়েড দরখাস্তের পেমেন্ট মিটিয়ে দেবে।

"স্টেটব্যাপী নিউ ইয়র্কারদের ওপর কোভিড-19 (COVID-19) এর ব্যাপক প্রভাব পড়েছে এবং তাদের এখন রেন্টাল সাহায্য প্রয়োজন," **গভর্নর কুওমো বলেছে।** "\$2.7 বিলিয়ন রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের মাধ্যমে ইতোমধ্যেই সবচেয়ে অসহায় বাসিন্দাদের অর্থ সাহায্য করা হচ্ছে, যাদেরকে দরখাস্ত প্রক্রিয়ার প্রথম 30 দিনে অগ্রাধিকার দেওয়া হয়েছে, এবার বাকি দরখাস্তকারীদেরকে অর্থ সাহায্য করতে আমাদের নজর দিতে হবে। এই প্রক্রিয়াকে উন্নত করতে, আমি OTDA-কে নির্দেশ দিয়েছি তারা যেন নিজেদের ভেভরের সাথে কাজ করে যত

দ্রুত সম্ভব, কার্যকারিতার সাথে নিউ ইয়র্কারদেরকে কোটি কোটি ডলারের সাহায্য করা হয়, কারণ তারা নিজেদের ভাড়া দিতে হিমশিম খাচ্ছেন, যদিও সেটা তাদের দোষ নয়।"

কোভিড-19 মহামারির কারণে সমস্যায় থাকা নিউ ইয়র্কারদের জন্য নিউ ইয়র্ক স্টেটের রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের মাধ্যমে \$2.7 বিলিয়নের আপৎকালীন রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রস্তুত করা হয়েছে। এই প্রোগ্রামের মাধ্যমে সেই সমস্ত পরিবারকে সাহায্য করা হয়, যারা সময় মতো বাড়ির ভাড়া পরিশোধ করতে পারছেন না এবং আর্থিক সঙ্কটে ভুগছেন, গৃহহীন হওয়ার হাউজিং স্টেবিলিটি হারানোর আশঙ্কা রয়েছে বা এরিয়ার মেডিয়ান রোজগারের 80 শতাংশ বা তার নিচে রোজগার করে। স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজাবিলিটি অ্যাসিস্ট্যান্স পরিচালিত নিউ ইয়র্ক স্টেট এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের মাধ্যমে ইমিগ্রেশন স্ট্যাটাস নির্বিশেষে যোগ্য নিউ ইয়র্কারদেরকে বাকি থাকা ভাড়ার সর্বোচ্চ 12 মাস, সম্ভাস্য ভাড়ার 3 মাস এবং ইউটিলিটি এরিয়ার পেমেন্টের 12 মাসের পেমেন্ট সাহায্য করা হয়। এই প্রোগ্রামের মাধ্যমে আনুমানিক 170,000 থেকে 200,000 পরিবারকে সাহায্য করা হবে।

ফিস্কাল রিলিফ ছাড়াও ভাড়াটিয়াদেরকে ERAP উল্লেখযোগ্য সুরক্ষা দিয়ে থাকে। সাহায্য পেতে বাড়ির মালিককে অবশ্যই সীমিত ব্যতিক্রমী কিছু ক্ষেত্র ছাড়া আগের বকেয়া কোনও ভাড়ার লেট ফি মকুব করতে; এবং ভাড়াটের মাসিক ভাড়া না বাড়ানো বা এক বছরের জন্য তাদের উচ্ছেদ না করার ব্যাপারে সম্মতি দিতে হবে।

এই প্রোগ্রামের তহবিল তৈরি করা হয়েছে ফেডারেল রিসোর্সের \$2.6 বিলিয়ন এবং স্টেট ফান্ডিংয়ের \$100 মিলিয়নের মাধ্যমে। এটি সেইসব স্টেট এবং স্থানীয় সরকারকে সাহায্য করার জন্য প্রস্তুত করা হয়েছে যারা তাদের প্রচেষ্টায় কোঅর্ডিনেট এবং সাহায্য করতে ফেডারেল সরকারের থেকে সরাসরি ফান্ডস পেয়েছে, যার দ্বারা রিসোর্স কাজে লাগানো হয়েছে, কার্যকারিতা অর্জন সম্ভব হয়েছে এবং জালিয়াতি প্রতিরোধ করা হয়েছে।

স্টেটব্যাপী স্থানীয় সরকারের সাথে পার্টনারশিপ তৈরি করতে OTDA অভাবনীয় প্রচেষ্টা করেছে যাতে নিশ্চিত করা যায় যে কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলির মাধ্যমে সম্ভাব্য প্রাপকদেরকে একাধিক ভাষায় সরাসরি দরখাস্ত সংক্রান্ত সাহায্য করা যায়। এই প্রচেষ্টার মাধ্যমে নিশ্চিত করা হয় যে স্টেটজুড়ে থাকা সমস্ত ভাড়াটিয়া যেন ERAP এর ব্যাপারে ওয়াকিবহাল থাকেন এবং আবেদন করতে পারেন।

এছাড়া ডুপলিকেট রেন্টাল পেমেন্ট এবং আনরিপোর্টেড রোজগার শনাক্ত করতে জালিয়াতি প্রতিরোধেরও কাজ করছে এজেন্সি।

যে সাতটি কমিউনিটি সরাসরি ফেডারেল সরকারের কাছ থেকে এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স পেয়েছেন, তারা নিজেদের প্রোগ্রাম পরিচালনা বেছে নিয়েছেন। রচেস্টার শহর এবং মনরোয়ে কাউন্টি, ইয়ঙ্কার শহর, ওনোনডাগা কাউন্টি এবং হেম্পস্টেড শহর, ইসলিপ

এবং অয়েস্টার বের বাসিন্দাদের অবশ্যই এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্সের জন্য নিজেদের লোকাল প্রোগ্রামের সাথে আবেদন করতে হবে এবং স্টেট পরিচালিত এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম থেকে সাহায্য পাওয়ার যোগ্য। \$2.7 বিলিয়ন প্রোগ্রামের মধ্যে আছে এই এলাকাগুলিতে সরাসরি প্রদান করা \$168 মিলিয়ন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)